দৈনিক বাংলা

তারিখ 16 JAN 1988
পৃষ্ঠা ১ কলাম ৮

015

# যে কোনো মূল্যে ভার্সিটি খোলা রাখব : ভিসি

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ যেকোন মূল্যে রক্ষা করতে হবে। বিশ্ববিদ্যালয় বন্ধ করে শিক্ষার্থীদের মূল্যবান সময়ের অপচয় আমরা আর হতে দেবো না।

তিনি গতকাল সকালে বিশ্ববিদ্যালয় কলাভবন প্রাঙ্গণে ছাত্র-

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর)

শিক্ষক অফিসার ও কর্মচারীদের এক সম্মিলিত সমাবেশে বক্তৃতা করেন। মোট ৪৯ দিন অনির্ধারিত বন্ধ শেষে গতকাল বিশ্ববিদ্যালয় খোলার প্রথম দিনে এ সমাবেশের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন লংঘনের প্রতিবাদে এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে এ সমাবেশ আহবান করা হয়।

সমাবেশের একক বক্তা প্রফেসর আবদুল মান্নান বার বার বিশ্ববিদ্যালয় বন্ধ করার কথা উল্লেখ করে বলেন, গত সাড়ে সাত বছরের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় সাড়ে চার বছরই বন্ধ ছিল। এর মধ্যে ১৪ মাস ছিল একেবারেই অনির্ধারিত ও অপ্রত্যাশিত বন্ধ। এর ফলে চার বছরের কোর্স সাত বছরেও শেষ করা যাচ্ছে না।

ভাইস চ্যান্সেলর ৭৩-এর অধ্যাদেশ উপেক্ষা করে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার প্রতিবাদ জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ এবং খোলার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের একমাত্র বৈধ অধিকার সিন্ডিকেটের। বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন সমুন্নত রাখতে নিজ অঙ্গীকারের কথা ব্যক্ত করে প্রফেসর মান্নান বলেন, "শেষ রক্ত বিন্দু দিয়ে হলেও বিশ্ববিদ্যালয় খোলা রাখবো।"

গত ৫, ১২ ও ১৩ই জানুয়ারীর ঘটনার কথা উল্লেখ করে প্রফেসর মান্নান বলেন, কতিপয় বহিরাগত তরুণের সন্ত্রাস সৃষ্টির পাঁয়তারা ব্যর্থ করে দিতে আমরা ঐক্যবদ্ধ।

ভিসি সমাবেশে ঘোষণা করেন যে সেশনজট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ একটি 'ক্রাশ-প্রোগ্রাম' গ্রহণ করবে। তিনি ছাত্র বন্দীদের মুক্তির দাবী জানান।

এ সমাবেশ উপলক্ষে গতকাল কলাভবন এলাকায় প্রবেশের প্রধান গেটগুলো বন্ধ রাখা হয়। সকালের দিকে পরিচয়পত্র দেখে ছাত্রদের ভেতরে প্রবেশ করতে দেয়া হয়।

এদিকে খোলার প্রথম দিনে গতকাল বিশ্ববিদ্যালয়ে ক্লাস হয়েছে। আবাসিক ছাত্রছাত্রীদের হলে ফিরে আসা অব্যাহত রয়েছে।